বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০২০.২১-৭৪

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ / ২৫ ফেব্রুয়ারি ২০২৪

**বিষয়: ০৯ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের সাধারণ ও শূন্য পদের উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-(১) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০২০.২১-৫৯, তারিখ: ২৩ জানুয়ারি ২০২৪
(২) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০২০.২১-৫৮, তারিখ: ২৩ জানুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচী অনুসারে ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ও শূন্য পদের উপনির্বাচনের (সংযুক্ত তালিকার) **ভোটগ্রহণ ০৯ মার্চ ২০২৪** তারিখে অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **০৮ মার্চ ২০২৪** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **০৯ মার্চ ২০২৪** তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

| | | | |
|---|---|---|---|
| (১) ট্যাক্সি ক্যাব | (২) পিক আপ | (৩) মাইক্রোবাস | (৪) ট্রাক |

২। সেই সাথে **০৭ মার্চ ২০২৪ তারিখ** দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **১০ মার্চ ২০২৪ তারিখ** মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। নির্বাচনি এলাকায় আইনশৃঙ্খলা রক্ষা, যানজট নিরসন ইত্যাদি প্রয়োজনে বাস্তবতার নিরীখে ও স্থানীয় বিবেচনায় উল্লিখিত যানবাহন ছাড়াও উক্তরূপ যে কোন যানবাহন চলাচলের উপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিষেধাজ্ঞা আরোপ করতে পারবে।

৪। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৫। বর্ণিতাবস্থায়, **০৯ মার্চ ২০২৪ তারিখে** অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ও শূন্য পদের উপনির্বাচন উপলক্ষে উক্তরূপভাবে নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/যথাযথ কর্তৃপক্ষ-কে** ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৫/২/২০২৪

( মো: আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: উপসচিব, বিআরটিএ সংস্থাপন অধিশাখা]

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০২০.২১-৭৪

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩০ / ২২ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

G:\Upazilla & Union Parishad Election 09 March 2024\11- UP-General Leave (Road & River).doc

৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ................................................... (সংশ্লিষ্ট)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ........................................... (সংশ্লিষ্ট রেঞ্জ)
১৩. পুলিশ কমিশনার, ..................................................... মেট্রোপলিটন পুলিশ (সংশ্লিষ্ট)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৭. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা প্রশাসক, ................................................. (সংশ্লিষ্ট)
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ............................... (সংশ্লিষ্ট)
২০. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. পুলিশ সুপার....................................................... (সংশ্লিষ্ট)
২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ................. (সংশ্লিষ্ট)
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................................ (সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, ................................................. (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................. –এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ................................................. (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. উপজেলা নির্বাচন অফিসার, ................................................. (সংশ্লিষ্ট)
৩১. অফিসার-ইন-চার্জ, ................................................................. (সংশ্লিষ্ট)

১. [signature] ২৪।২।২০২৪

( মোহাম্মদ শাহজালাল )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)

**০৯ মার্চ ২০২৪ তারিখে ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্ধারিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের তালিকা**

| জেলা | উপজেলা | ইউনিয়ন |
|---|---|---|
| ১. চুয়াডাঙ্গা | ১. সদর | ১. শংকরচন্দ্র |
| | | ২. মাখালডাঙ্গা |
| ২. ভোলা | ২. মনপুরা | ৩. মনপুরা |
| | | ৪. কলাতলী |
| | ৩. লালমোহন | ৫. পশ্চিম চর উমেদ |
| ৩. জামালপুর | ৪. দেওয়ানগঞ্জ | ৬. বাহাদুরাবাদ |
| ৪. নরসিংদী | ৫. রায়পুরা | ৭. চর আড়ালিয়া |
| ৫. ফরিদপুর | ৬. সদর | ৮. চাঁদপুর |
| | ৭. মধুখালী | ৯. নওপাড়া |
| ৬. শরীয়তপুর | ৮. ভেদরগঞ্জ | ১০. কাঁচিকাটা |
| ৭. কুমিল্লা | ৯. বরুড়া | ১১. গালিমপুর |
| ৮. চট্টগ্রাম | ১০. ফটিকছড়ি | ১২. নানুপুর |
| | | ১৩. খিরাম |

২৫/২/২০২৪

মোহাম্মদ শাহজালাল
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

G:\Upazilla & Union Parishad Election 09 March 2024\General Leave, Road & River\Union Parishad General & By Election List_09 March 2024.doc

# ০৯ মার্চ ২০২৪ তারিখে ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্ধারিত ইউনিয়ন পরিষদের শূন্য পদের তালিকা

| জেলা | উপজেলা | ইউনিয়নের নাম | শূন্য পদ |
|---|---|---|---|
| ১. রংপুর | ১. মিঠাপুকুর | ১. পায়রাবন্দ | ১. চেয়ারম্যান |
| ২. পাবনা | ২. সুজানগর | ২. আহম্মদপুর | ২. চেয়ারম্যান |
| ৩. নওগাঁ | ৩. মান্দা | ৩. নূরুল্যাবাদ | ৩. চেয়ারম্যান |
| ৪. গাইবান্ধা | ৪. সাদুল্লাপুর | ৪. ধাপেরহাট | ৪. চেয়ারম্যান |
| ৫. যশোর | ৫. ঝিকরগাছা | ৫. গদখালী | ৫. চেয়ারম্যান |
| ৬. কুষ্টিয়া | ৬. দৌলতপুর | ৬. রিফায়েতপুর | ৬. চেয়ারম্যান |
| ৭. ভোলা | ৭. চরফ্যাশন | ৭. চরমানিকা | ৭. চেয়ারম্যান |
| ৮. পটুয়াখালী | ৮. বাউফল | ৮. কেশবপুর | ৮. চেয়ারম্যান |
| ৯. নেত্রকোনা | ৯. সদর | ৯. রৌহা | ৯. চেয়ারম্যান |
| | | ১০. সিংহের বাংলা | ১০. চেয়ারম্যান |
| ১০. কিশোরগঞ্জ | ১০. কটিয়াদী | ১১. লোহাজুরী | ১১. চেয়ারম্যান |
| ১১. গাজীপুর | ১১. কাপাসিয়া | ১২. সনমানিয়া | ১২. চেয়ারম্যান |
| ১২. নারায়ণগঞ্জ | ১২. সদর | ১৩. ফতুল্লা | ১৩. চেয়ারম্যান |
| ১৩. মানিকগঞ্জ | ১৩. সদর | ১৪. ভাড়ারিয়া | ১৪. চেয়ারম্যান |
| ১৪. গোপালগঞ্জ | ১৪. মুকসুদপুর | ১৫. জলিরপাড় | ১৫. চেয়ারম্যান |
| ১৫. শরীয়তপুর | ১৫. জাজিরা | ১৬. বড়কান্দি | ১৬. চেয়ারম্যান |
| ১৬. সিলেট | ১৬. সদর | ১৭. জালালাবাদ | ১৭. চেয়ারম্যান |
| ১৭. চাঁদপুর | ১৭. হাজীগঞ্জ | ১৮. উত্তর রাজারগাও | ১৮. চেয়ারম্যান |
| ১৮. চট্টগ্রাম | ১৮. বাঁশখালী | ১৯. বাহারছড়া | ১৯. চেয়ারম্যান |

২৫/২/২০২৪
মোহাম্মদ শাহজালাল
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা